



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-ক/অ/ ৬৯২

তারিখ : ২০/৮/১৬

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/ গভার্ণিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ (ক) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর ০১-০৬-২০১৬ তারিখের রায়।

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৭২.৩২.০৪৫.১২.১৬০ তারিখ ০৯-০৮-২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ২০৪৩/২০১৩ এর রায়ের ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর কর্তৃক অনুমোদিত যে সকল কলেজের গভার্ণিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯এর ৫(১) ও ৫(২) ধারা মোতাবেক সভাপতি মনোনিত হয়েছিলেন তাঁদের সভাপতি হিসাবে মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায়, সভাপতির উক্ত শূন্যপদ পূরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভার্ণিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তনকৃত অংশ বাদে ৫(৩)ধারা মোতাবেক সভাপতি মনোনয়নের জন্য ০৩ (তিন) জন ব্যক্তির নামের তালিকা আগামী ২৫-০৮-২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে যশোর শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

চেয়ারম্যানের আদেশক্রমে

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

স্মারক নং-ক/অ/

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পি.এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর।